

নির্বাহী আদেশ

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত
আইনের সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন অতএব, আমি, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের সেকশন 29-a এর আর্টিকেল 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, আমি এতদ্বারা নির্বাহী আদেশ 202.31 -তে উপস্থিত নির্দেশগুলি অব্যাহত রাখছি যদি না সেগুলি পরবর্তী একটি নির্দেশ সেগুলিকে ছাপিয়ে যায়; এবং

উপরন্তু, আমি এতদ্বারা এই নির্বাহী আদেশের তারিখ থেকে শুরু করে 13 জুলাই 2020 পর্যন্ত নিম্নোক্ত নির্দেশগুলি সাময়িকভাবে বন্ধ বা পরিবর্তন করছি:

- নির্বাহী আদেশ 202.7 এ উপস্থিত নির্দেশ, যেমন নির্বাহী আদেশ 202.36 দ্বারা সম্প্রসারিত এবং সংশোধিত হয়েছে, তা অনুযায়ী সকল সালন, ট্যাটু পার্লার, পিয়ার্সিং পার্লার এবং সম্পর্কিত ব্যক্তিগত পরিচর্যা পরিষেবাসমূহ সাধারণ মানুষের জন্য বন্ধ রাখা হয়েছিল তা এতদ্বারা পুনরায় সংশোধন করা হল সেই পরিসর অবধি যা প্রয়োজন সেই সকল ব্যক্তিগত পরিচর্যা পরিষেবাসমূহ চালু করার অনুমোদন দেওয়ার জন্য এবং শুধু সেই পরিসর পর্যন্ত এবং অঞ্চলগুলিতে যা স্বাস্থ্য দপ্তরের (Department of Health) ফেজ থ্রি পুনরায় খোলার নির্দেশনার সাথে সামঞ্জস্যপূর্ণ।
- নির্বাহী আদেশ 202.35, যা নির্বাহী আদেশ 202.3, 202.4, 202.5, 202.6, 202.7, 202.8, 202.10, 202.11, 202.13, 202.14 এবং 202.28 এবং 202.31, এবং 202.34 এর প্রবিধানগুলি প্রসারিত করে, যার প্রতিটি সরকারি বা বেসরকারি ব্যবসা বা সরকারি বাসস্থানের জায়গাগুলি বন্ধ বা অন্যথায় সীমিত করেছিল, এবং নির্বাহী আদেশ 202.38 যা দশ জনের বেশি গৌণ জন সমাবেশের আয়তন স্বগিত, বাতিল, বা সীমিত করে, এবং যা এক সাথে নিউ ইয়র্ক অন পজ গঠন করে, তা এতদ্বারা অব্যাহত থাকবে যতক্ষণ না এবং যদি না তা পরে সংশোধন বা প্রসারিত করা হয় ভবিষ্যতের একটি নির্বাহী আদেশ দ্বারা, কিন্তু তা করা হবে এই শর্তে যে:

- 12 জুন, 2020 তারিখ থেকে কার্যকর, অপরিহার্য নয় এমন ব্যবসা বা অন্যান্য প্রতিষ্ঠানে বা সম্মুখে সশরীরে কাজ করা কর্মীবল হ্রাস এবং সীমিত করা আর তৃতীয় পর্যায়ের শিল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যা স্বাস্থ্য দপ্তর কর্তৃক নির্ধারিত হয়েছে, যোগ্য অঞ্চলগুলিতে, যার মধ্যে রয়েছে:
 - রেস্টুরেন্ট / খাদ্য পরিষেবা; এবং
 - ব্যক্তিগত পরিচর্যা।
- ফেজ শ্রিতে খোলা ব্যবসা বা সম্মুখলিকে অবশ্যই স্বাস্থ্য বিভাগ (Department of Health) কর্তৃক প্রণীত নির্দেশনা অনুযায়ী পরিচালনা করতে হবে।
- 12 জুন 2020 তারিখের হিসেবে, যে অঞ্চলগুলো ফেজ শ্রি পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় নির্ধারিত জনস্বাস্থ্য ও নিরাপত্তার মেট্রিক্স পূরণ করেছে, সেগুলি হল: ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহাক ভ্যালি, সাউদার্ন টায়ার এবং নর্থ কান্ডি। কোন অতিরিক্ত অঞ্চল যা এই তারিখের পরে এই মানদণ্ড পূরণ করবে সেগুলিকে আরও অতিরিক্ত পুনর্বিবেচনা ছাড়াই এই নির্বাহী আদেশের অন্তর্ভুক্ত বলে বিবেচনা করা হবে এবং একই শর্তাবলীর সাপেক্ষে তৃতীয় পর্যায়ের শিল্পগুলি পুনরায় খোলার অনুমতি দেওয়া হবে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি শহরে স্টেটের নিজস্ব

সিলমোহর সহ দুই হাজার বিশ সালের

জুন মাসের ত্রয়োদশতম দিনে এটি

প্রদান করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব